

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা

উপসচিবের পদে  
শেখ হাফিজুর রহমান

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.১৪০.২০১৭ ৩৩ ৬ ৬

তাং ১১-০৫-২০১৭খ্রিঃ।


বিষয় : রীট পিটিশন নং- ৪৬১৫/২০১৭ মামলার ০৫/০৪/২০১৭ তারিখের আদেশের বিরুদ্ধে আপীল দায়ের সম্পর্কিত।

সূত্র : উপজেলা-১ শাখার ইউ,ও, নোট নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.১৩৫.২০১৭-৪৯০ তাং-১৬-০৪-২০১৭খ্রিঃ।

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ জার্নিস হোসেন এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। তিনি উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে রীট পিটিশন নং ৪৬১৫/২০১৭ দায়ের করেন। উক্ত রীট পিটিশনের গত ০৫/০৪/২০১৭ তারিখের আদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে লীভ-টু-আপীল দায়েরসহ মামলাটি পরিচালনার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা-১ শাখা হতে অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, উপজেলা -১ শাখা হতে প্রাপ্ত সংযুক্তিসহ পত্রটি এসাথে প্রেরণ পূর্বক জবাব দখিল, আপীল দায়ের ও মামলাটি প্রতিদ্বন্দিতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্ত : ----- ফর্দ।

  
(মোহাম্মদ শফিউল আরিফ)  
উপসচিব (আইন-১)

জনাব এডঃ শফিক মাহমুদ পুষ্প  
বেসরকারী প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। উপসচিব, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ০৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ০৪। অফিস কপি।